

# শুঁটকি বার্তা

সাসটেইনেবল  
এন্টারপ্রাইজ প্রজেক্ট  
(এসইপি)



উদ্ভাবন ও

প্রযুক্তির

মাধ্যমে

শুঁটকি মাছ

প্রক্রিয়াজাতকরণ

শিল্পের

প্রসার

১০ম সংস্করণ

এপ্রিল '২২ খ্রিঃ

কোস্ট ফাউন্ডেশন

কোস্ট ফাউন্ডেশন দ্বারা বাস্তবায়িত এবং পিকেএসএফ এর তত্ত্বাবধানে পরিচালিত ড্রাইফিশ সাব-সেক্টরের মাধ্যমে এসইপি প্রকল্পের কর্মসূচী শুরু হয়েছে। সম্প্রতি, সম্পূর্ণ এপ্রিল মাস জুড়ে পবিত্র রমজানের সময় হওয়ায়, পাশাপাশি কালবৈশাখী ঝড়ের কারণে এই প্রকল্পের কার্যক্রম মন্থর হয়ে পড়ে। বিশেষত কালবৈশাখী ঝড়ের কারণে এখানকার ক্লাস্টারের কার্যক্রম কিছুটা স্তিমিত হয়ে পড়েছে। এছাড়াও, এ বছর রমজান মাসের সময়ও অনেকটা এগিয়ে এসেছে যার কারণে শুঁটকি শ্রমিকরা সারাদিন রোজা রেখে কাজ করার শক্তি পায় না; এটিও শুঁটকি উৎপাদন ধীরগতিতে চলার অন্যতম কারণ। আশা রাখছি, কর্মচাঞ্চল্যে ভরপুর চৌফলদন্ডী তার প্রাণ ফিরে পাবে খুব শীঘ্রই।

পবিত্র রমজান মাস ও  
কালবৈশাখী ঝড়ের  
কারণে চৌফলদন্ডীতে  
নিরাপদ শুঁটকি উৎপাদন  
মন্থরগতিতে চলেছে

চৌফলদন্ডীর শুঁটকি খলা থেকে  
একটি ঝড়-পরবর্তী দৃশ্য

স্থান: চৌফলদন্ডী

ছবিয়্যাল: তুষি বণিক ০৭-০৪-২২



# উদ্যোক্তা কলাম



এসইপি নিরাপদ শুটকির প্যাকেজিং

ছবিয়াল: তুষি বণিক ২৫-০৪-২০২২

নাজিরারটেকের ০৮ জন ক্ষুদ্র উদ্যোক্তা এসইপি ড্রাইফিশ প্রকল্পের অধীনে প্রোমোট ড্রাইফিশ এন্ট্রিপ্রিনার লোন পেয়েছেন যাতে করে তারা তাদের নিজস্ব খলার সামনে নিরাপদ শুটকি বিক্রয়ের জন্য দোকান দিতে পারেন। এই লোন পেয়ে তারা ভালোভাবে দোকান করতে পেরেছে এবং এখন তারা পুরোদমে ব্যবসা করতে পারছে। এসইপি লোনের অন্তর্গত শুটকি উদ্যোক্তারা উক্ত প্রকল্প থেকে প্যাকেজিংয়ের কিছু নমুনা পেয়েছেন এবং তারা বলছেন যে, এই প্যাকেজিংয়ের গুণগতমান ও ডিজাইন অত্যন্ত সুন্দর ও আকর্ষণীয় যা ক্রেতারা ভীষণ পছন্দ করেছেন। নুরুল আলম নামের একজন ক্ষুদ্র উদ্যোক্তা বলেন, “গত জানুয়ারী মাসে আমি কোস্ট থেকে এসইপির লোন নিয়ে একটি শুটকির দোকান খুলি যেটা আমার দীর্ঘদিনের স্বপ্ন ছিল। এখানে আমি বিভিন্ন জাতের শুটকি বিক্রি করি। আগে না যত বিক্রি হত, দোকান খোলার পর আমার বিক্রি অনেক বেড়ে গেছে। এখন আমার এমন অনেক ক্রেতা রয়েছে যারা সবসময় আমার থেকেই শুটকি কিনে এবং অন্যদেরকেও আমার দোকান থেকে কেনার পরামর্শ দেয়। ক্রেতাদের থেকে আমি এতটা বিশ্বাস অর্জন করতে পেরেছি শুধুমাত্র এই এসইপি প্রকল্পের জন্য। এই প্রকল্প আমার ভাগ্য পরিবর্তনে সম্পূর্ণভাবে সাহায্য করেছে। এখন আমি নতুন প্যাকেট ব্যবহার করছি যা দেখতে সুন্দর, শাশ্রয়ী এবং পরিবহনযোগ্য। আমি আস্থা রাখছি, এই নতুন প্যাকেজিং আমার ব্যবসায় অন্য মাত্রা যোগ করবে এবং ব্যবসার সমৃদ্ধি ঘটাবে।”



এসইপি নিরাপদ শুটকির প্যাকেট নিচ্ছেন একজন ক্রেতা

ছবিয়াল: তুষি বণিক ২৫-০৪-২০২২

প্রয়োজনে: -

মো: সাথীল তালুকদার

এসইপি প্রজেক্ট ম্যানেজার

মোবাইল: ০১৩১৩-৭৯৮৯১৪